

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৮৩

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ লাইলাতুল কদরের রাতের পর সকালে সূর্য এর কিরণ না থাকার অবস্থাটি সূর্য ঊর্ধ্বাকাশে উদিত হওয়া পর্যন্ত বলবত থাকবে; সারা দিন থাকবে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ ضَوْءَ الشَّمْسِ فِي ذَلِكَ الْيَوْمِ إِنَّمَا يَكُونُ بِلَا شُعَاعٍ إِلَى أَنْ تَرْتَفِعَ لَا النَّهَارَ كُلَّهُ

আরবী

3683 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُكْرَمٍ الْبَزَّارُ الْحَافِظُ بِالْبَصْرَةِ حَدَّتَنَا دَاوُدُ بْنُ رُشَيْدٍ حَدَّتَنَا أَبُو حَفْصٍ الْأَبَّارُ عَنْ مَنْصُورٍ عَنْ عَاصِمِ بْنِ أَبِي النَّجُودِ عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ وَاللَّهُ لَا اللَّهُ اللَهُ عَلَى الله عليه وسلم فَحَفِظْنَاهَا وَعَرَفْنَاهَا فَكَانَ زِرِّ اللهُ عليه وسلم فَحَفِظْنَاهَا وَعَرَفْنَاهَا فَكَانَ زِرِّ اللهُ عليه وسلم فَحَفِظْنَاهَا وَعَرَفْنَاهَا فَكَانَ زِرِّ اللهُ عَلَيْ اللهُ عَلَيهُ الْمَنَارَةَ فَنَظَرَ إِلَى السَّحَرِ فَإِذَا كَانَ قَبْلَهَا بِيَوْمٍ أَوْ بَعْدَهَا صَعِدَ الْمَنَارَةَ فَنَظَرَ إِلَى مَطْلِعِ الشَّمْسِ وَيَقُولُ: إِنَّهَا تَطْلُعُ لَا شُعَاعَ لَهَا حَتَّى تَرْتَفِعَ.

الراوي: زِرّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3683 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (1247): م.

বাংলা

৩৬৮৩. যির বিন হুবাইশ রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে সাক্ষাত করি। অতঃপর আমি বলি, "আপনি আমাকে হাদীস বর্ণনা করুন। কেননা আপনার সাক্ষাত আমার কাছে খুবই প্রীতিকর। আর এখানে কেবল আপনার সাথে সাক্ষাত করার জন্যই এসেছি। কাজেই আপনি আমাকে



লাইলাতুল কদর সম্পর্কে হাদীস বর্ণনা করুন। কেননা আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "যে ব্যক্তি সারা বছর ই'তিকাফ করবে, সে ব্যক্তি লাইলাতুল কদর পেয়ে যাবে।" তখন উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "নিশ্চয়ই তিনি জানেন যে, এটা রমযান মাসে। তিনি এটাকে তোমাদের কাছে গোপন রাখতে চেয়েছেন। নিশ্চয়ই ২৭ তম রাতে। এটাকে চেনা যাবে কিছু নিদর্শনের মাধ্যমে, যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে বর্ণনা করেছেন। অতঃপর আমরা সেটাকে সংরক্ষন করেছি এবং সেটাকে আমরা চিনেছি।"

অতঃপর যির বিন হুবাইশ রহিমাহুল্লাহ নিয়মিত ভোর পর্যবেক্ষন করতেন। তিনি লাইলাতুল কদর রাত্রের আগের বা পরের দিন মিনারে উঠতেন অতঃপর সূর্য উদয় লক্ষ্য করতেন এবং বলতেন, "নিক্ষয়ই সূর্য উদিত হবে এমন অবস্থায় যে, উর্ধ্বাকাশে উদিত হওয়া পর্যন্ত তার কিরণ থাকবে না।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২১৯১; হুমাইদী: ৩৭৫; সহীহ মুসলিম: ২/৮২৮; সুনান বাইহাকী: ৪/৩১২; বাগাবী: ১৮২৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭০০; আবূ দাউদ: ১৩৭৮; তিরমিযী: ৭৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ যির ইবন হুবায়শ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন